# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোনঃ ০২২২৩৩৮৮৯৪৯,
০২২২৩৩৫৮৬৮১
ই-মেইলঃ dgmsme@krishibank.org.bd

*ক্রেডিট বিভাগ*

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৮)/সিজিএস/২০২৩-২০২৪/ ৭২০(১২৫০) তারিখঃ ২৫/০৯/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ ক্রেডিট গ্যারান্টি স্কীমের আওতায় সিএমএসই খাতে জামানতবিহীন ঋণ/বিনিয়োগ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয় ঢাকার এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্টের এসএমইএসপিডি সার্কুলার নং-০৩/২০২০, তারিখঃ ২৭/০৭/২০২০ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে যা অত্র বিভাগের পত্র নং-২৯৩, তারিখঃ ১০/০৮/২০২০ মূলে জারি করা হয়েছে।

০২। বাংলাদেশ ব্যাংক কর্তৃক উপরোক্ত সার্কুলারের মাধ্যমে 'ক্রেডিট গ্যারান্টি স্কীম' চালু করা হয়েছে। প্রাথমিকভাবে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রণোদনা প্যাকেজের আওতায় জামানতবিহীন ঋণের ক্ষেত্রে উক্ত গ্যারান্টি সুবিধা চালু করা হয়েছে। বর্তমানে নিম্নোক্ত দুটি প্রণোদনা প্যাকেজের আওতায় ক্রেডিট গ্যারান্টি সুবিধা চালু রয়েছে।

| ক্রঃনং | প্রণোদনা প্যাকেজের নাম | বাংলাদেশ ব্যাংকের সার্কুলার/সার্কুলার লেটার | অত্র ব্যাংকের এনডোর্সমেন্ট লেটারের |
|---|---|---|---|
| ক) | ২৫,০০০ হাজার কোটি টাকার সিএমএসএমই প্রণোদনা প্যাকেজ | সিজিডি সার্কুলার নং-০২/২০২২, তারিখঃ ১০/০৮/২০২২<br>সিজিডি সার্কলার নং-০১/২০২২, তারিখঃ ২২/১১/২০২২ | পত্র নংঃ ৩৮৯(১২৫০), তারিখঃ ১৪/০৮/২০২২<br>পত্র নংঃ ১৩৭১(১২৫০), তারিখঃ ০১/১২/২০২২ |
| খ) | আর্থিক সেবাভূক্তি খাতে এফইডি-১ স্কীম | এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২২, তারিখঃ ২৩/০১/২০২২ | পত্র নংঃ ১৪২১(১২৫০), তারিখঃ ২৭/০১/২০২২ |

০৩। উল্লেখিত প্যাকেজসমূহের আতওায় জামানতবিহীন ঋণসমূহের আদায় সুরক্ষা নিশ্চিতকল্পে বাংলাদেশ ব্যাংকের নিকট হতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা গ্রহনের সুযোগ প্রদান করা হয়েছে। গ্যারান্টি সুবিধা গ্রহনের লক্ষ্যে উপযুক্ত উদ্যোক্তা নির্বাচন পূর্বক প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগে প্রেরন করতে হবে। বাংলাদেশ ব্যাংক হতে গ্যারান্টি রেজিষ্টেশন প্রাপ্তির পর ঋণ মঞ্জুরী ও বিতরনের ব্যবস্থা গ্রহন করার নির্দেশনা রয়েছে।

০৪। আলোচ্য স্কীম সমূহের আওতায় জামানতবিহীন ঋণসমূহের বিপরীতে গ্যারান্টি সুবিধা গ্রহনের লক্ষ্যে অত্র বিভাগ হতে সময়ে সময়ে মাঠ কার্যালয় সমূহকে নির্দেশনা প্রদান করা হলেও মাঠ কার্যালয় সমূহ হতে এ স্কীমের আওতায় বিতরিত ঋণের অবস্থা হতাশাব্যঞ্জক। ক্রেডিট গ্যারান্টি স্কীমের আওতায় বিভাগওয়ারী বিতরণকৃত ঋণের তথ্য নিম্নরূপঃ

| ক্রঃ নং | বিভাগীয় কার্যালয় | সংখ্যা | পরিমাণ (লক্ষ টাকায়) |
|---|---|---|---|
| ১ | ঢাকা | ৬ | ২৪.০০ |
| ২ | চট্টগ্রাম | ০ | ০.০০ |
| ৩ | ময়মনসিংহ | ১০ | ৪০.০০ |
| ৪ | ফরিদপুর | ০ | ০.০০ |
| ৫ | কুমিল্লা | ০ | ০.০০ |
| ৬ | বরিশাল | ১২৭ | ৩১৭.৪৫ |
| ৭ | সিলেট | ০ | ০.০০ |
| ৮ | খুলনা | ১ | ৩.০০ |
| ৯ | কুষ্টিয়া | ০ | ০.০০ |
| ১০ | এলপিও | ০ | ০.০০ |
| | মোট | ১৪৪ | ৩৮৪.৪৫ |

- উপরোক্ত চারটি বিভাগ ব্যতীত অন্য বিভাগ সমূহ এ খাতে কোন ঋণ বিতরণ করতে না পারায় ব্যবস্থাপনা কর্তৃপক্ষ চরম অসন্তোষ প্রকাশ করেছেন।

চলমান পাতা-০২

বিষয় ঃ ক্রেডিট গ্যারান্টি স্কীমের আওতায় সিএমএসই খাতে জামানতবিহীন ঋণ/বিনিয়োগ প্রসঙ্গে।

০৫। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক ও অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত ক্রেডিট গ্যারান্টি সংক্রান্ত নীতিমালাসমূহ যথাযথ অনুসরনপূর্বক আলোচ্য স্কীমের আওতায় গ্যারান্টি সুবিধা গ্রহনের লক্ষ্যে প্রস্তাব প্রেরনের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো। এ বিষয়ে কোন অস্পষ্টতা পরিলক্ষিত হলে অত্র বিভাগের উর্ধ্বতন মুখ্য কর্মকতা জনাব মোঃ মনিরুজ্জামান চৌধুরী (০১৭১৭-৯৪৩৭৩৬) এর সাথে যোগাযোগ করার পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৮)/সিজিএস/২০২৩-২০২৪/ 920(1280) তারিখঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। ***উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।***
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

25/02/2024
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক